



🏠 ▶ দেশযোগ ▶ রাঙ্গামাটিতে ৮০ ঘণ্টা ভারী বর্ষণ, পাহাড় ধসের আশঙ্কা

রাঙ্গামাটিতে ৮০ ঘণ্টা ভারী বর্ষণ, পাহাড় ধসের আশঙ্কা

✍️ নিজস্ব প্রতিনিধি, রাঙ্গামাটি

প্রকাশ: ০৬ আগস্ট ২০২৩ ১১:৫২:৫৭



রাঙ্গামাটিতে প্রায় ৮০ ঘণ্টা ধরে ভারী বর্ষণ হয়েছে। এতে বিভিন্ন এলাকায় পাহাড়ের মাটি নরম হয়ে গেছে। শনিবার রাত থেকে বেড়েছে বৃষ্টির পরিমাণ। এখনও থেমে থেমে চলছে বৃষ্টি।

এদিকে ঝুঁকি এড়াতে স্থানীয়দের আশ্রয় কেন্দ্রে নিতে রাত থেকেই জোর তৎপরতা শুরু করেছে প্রশাসন। রাঙ্গামাটি জেলা প্রশাসনের তিনটি টিম, সেনাবাহিনী, পুলিশ ও ফায়ার সার্ভিসের সহযোগিতায় তাদের আশ্রয় কেন্দ্রে নিয়ে আসা হয়েছে। তবে এখনও ঝুঁকি নিয়ে অনেকেই রয়ে গেছেন পাহাড়ের গায়ে।

জেলা প্রশাসনের সূত্র জানিয়েছে, রাঙ্গামাটি শহর ও উপজেলায় মোট ১৮২ আশ্রয় কেন্দ্র খোলা হয়েছে। ইতিমধ্যে পাহাড় ধসের আশঙ্কায় রাঙ্গামাটি শহরের বেতার ভবন, বিএম ইনিস্টিটিউট স্কুল ও লোকনাথ মন্দির আশ্রমে আশ্রয় কেন্দ্রে লোকজন আশ্রয় নিয়েছে। তিনটি আশ্রয় কেন্দ্রে বর্তমানে আশ্রয় নিয়েছেন ১২০ জন।



রাঙ্গামাটি সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা নাজমা বিনতে আমিন জানিয়েছেন, আশ্রয় কেন্দ্রে শুকনো খাবার ও ভাতের ব্যবস্থা রাখা হয়েছে।

এদিকে রাঙ্গামাটি জেলা বিভিন্ন ঝুঁকিপূর্ণ এলাকায় গভীর রাত পর্যন্ত কাজ করেছে রাঙ্গামাটি জেলা প্রশাসন, পুলিশ, ফায়ার সার্ভিস ও সেনাবাহিনীর সদস্যরা।

ফায়ার সার্ভিসের উপ-পরিচালক মো. দিদারুল আলম জানিয়েছেন, ২০১৭ সালের কথা চিন্তা করে সব প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। দুর্যোগ হলে উদ্ধার তৎপরতা চালানো সম্ভব হবে।

এদিকে রাঙ্গামাটি জেলা পুলিশের পক্ষ থেকে রেসকিউ টিম গঠন করা হয়েছে জানিয়েছেন রাঙ্গামাটির অতিরিক্ত পুলিশ সুপার মো. মারুফ হাসান।



তিনি বলেন, রাঙ্গামাটি পুলিশ সুপারের নির্দেশে প্রতিটি উপজেলায় রেসকিউ টিম গঠন করা হয়েছে। এছাড়া রাঙ্গামাটি জেলা পুলিশের সব সদস্যকে যে কোনো দুর্ঘটনা মোকাবেলায় প্রশাসনের সঙ্গে থাকার নির্দেশ দেওয়া হয়েছে।

এদিকে ভারী বর্ষণ ও পাহাড়ি ঢলের কারণে রাঙ্গামাটির কাপ্তাই লেকে সব ধরণে নৌযান চলাচল বন্ধ ঘোষণা করেছে রাঙ্গামাটি জেলা প্রশাসন।

আরও পড়ুন: মুন্সীগঞ্জে ট্রলার ডুবি: উদ্ধার অভিযানে নৌবাহিনীর ডুবুরি দল

২০১৭ সালে ১৩ জুন রাঙ্গামাটিতে ভয়াবহ পাহাড় ধসের ঘটনায় পাঁচ সেনা সদস্যসহ ১২০ জনের প্রাণহানির ঘটনা ঘটে। আবারও যাতে এমন না ঘটে সেজন্য প্রশাসনের তৎপরতা বাড়ানো হয়েছে।

একাত্তর/এসি

রাঙ্গামাটি

পাহাড় ধস

মন্তব্য



এই নিবন্ধটি জন্য কোন মন্তব্য নেই.

আপনার মন্তব্য লিখুন

নাম